# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**২৩ জুন ২০২১** (বুধবার)

[**সময়কালঃ** ২৩.০৬.২০২১–২৭.০৬.২০২১]



## ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে  কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
**ই-মেইলঃ** pdamisdp@dae.gov.bd
**ফোনঃ** ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

## <u>মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ</u>

**করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:**
করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং বাংলাদেশ সরকারের অন্যান্য দিক নির্দেশনা মেনে চলুন।

**আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:**

মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরণের ভারী বর্ষণ হতে পারে।
সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।
পরবর্তী ৭২ ঘণ্টায় আবহাওয়ার অবস্থার সামান্য পরিবর্তন হতে পারে।
মধ্যমেয়াদী পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের সকল জেলায় বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে।
এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো।

**পাট:**

- পাটের জমিতে বৃষ্টির পানি যেন জমে না থাকে সেজন্য পানি নিষ্কাশনের ব্যবস্থা থাকতে হবে।
- এ সময় বিছা পোকার আক্রমণ দেখা যেতে পারে। আক্রমণের প্রথম অবস্থায় কীড়াগুলো যখন পাতায় দলবদ্ধ অবস্থায় থাকে তখন পোকা সমেত পাতাটি তুলে পায়ে মাড়িয়ে, গর্তে চাপা দিয়ে অথবা কেরোসিন মিশ্রিত পানিতে ডুবিয়ে মারতে হবে।

**সবজি:**

- বেগুনে ডগা ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দিলে কীড়াসহ আক্রান্ত ডগা কেটে ধ্বংস করুন। ফেরোমন ফাঁদ ব্যবহার করে পোকার বংশবৃদ্ধি অনেকটা কমিয়ে আনা সম্ভব। একান্ত প্রয়োজনে কেবল মাত্র পরিমিত মাত্রায় নির্দিষ্ট ক্ষমতা সম্পন্ন রাসায়নিক কীটনাশক অথবা স্থানীয়ভাবে সুপারিশকৃত জৈব কীটনাশক ব্যবহার করুন।
- কুমড়া জাতীয় সবজির হস্ত পরাগায়নের ব্যবস্থা নিন। বিটল পোকা দেখা দিলে সকাল-বিকাল হাত দিয়ে মেরে ফেলুন।
- কুমড়া জাতীয় সবজিতে মাছি পোকার আক্রমণ দেখা দিলে ফেরোমন ও বিষটোপ ফাঁদের যৌথ ব্যবহার করুন। আলফা সাইপারমেথ্রিন গ্রুপের বালাইনাশক ব্যবহার করা যেতে পারে।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**উদ্যান ফসল:**

- ফল বাগানের আন্ত:পরিচর্যা করতে হবে।
- আম গাছে ফল পরিপক্কতার সময় মাছি পোকা দমনের জন্য ফেনিট্রথিয়ন গ্রুপের সুমিথিয়ন ৫০ ইসি ১.১২ মিলি প্রতি লিটার পানির সাথে মিশিয়ে শেষ বিকালে স্প্রে করতে হবে। ফল সংগ্রহের ১৫-২০ দিন আগে সব ধরণের বালাইনাশক স্প্রে করা বন্ধ রাখতে হবে।

- কলার বিটল পোকার আক্রমণ দেখা দিলে আইসোপ্রোকার্ব (এমআইপিসি) গ্রুপের বালাইনাশক প্রয়োগ করুন।
- জমিতে অতিরিক্ত পানি জমে থাকলে নিষ্কাশন করে ফেলুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**গবাদি পশু:**

- গবাদি পশুকে খড়ের সাথে কাঁচা ঘাস ও হাতে তৈরি দানাদার খাদ্য দিতে হবে। বর্তমানে ধানের খড় সঠিকভাবে সংরক্ষণ করুন।
- রোগ প্রতিরোধে গবাদি পশুকে নিয়মিত টীকা দিন।
- গবাদি পশুর ঘর শুকনা ও পরিষ্কার রাখুন। ঘরে মশারী বা মাটির পাত্রে সাবধানতার সাথে কয়েল ব্যবহার করুন।
- গবাদিপশুকে বজ্রপাত ও বৃষ্টি থেকে নিরাপদে রাখুন।

**হাঁস মুরগী:**

- রোগ প্রতিরোধে হাঁস মুরগীকে নিয়মিত টীকা দিন।
- হাঁসমুরগীর ঘর শুকনা ও পরিষ্কার রাখুন। ঘরে মশারী বা মাটির পাত্রে সাবধানতার সাথে কয়েল ব্যবহার করুন।

**মৎস্য:**

- এখন মাছ মজুদের উপযুক্ত সময়। পুকুর প্রস্তুত করুন।
- পুরাতন সব মাছ পুকুর শুকিয়ে বা রোটেনন (২৫ গ্রাম/শতাংশ/ফুট) প্রয়োগ করে ধরে ফেলুন। ২/৩ দিন পর প্রতি শতাংশে ১ কেজি চুন প্রয়োগ করুন।
- চুন প্রয়োগের ৩/৪ দিন পর সার (প্রতি শতাংশে ইউরিয়া ২০০ গ্রাম, টিএসপি ১০০ গ্রাম) প্রয়োগ করুন।
- সার প্রয়োগের ৩/৪ দিন পর পানির রঙ সবুজাভ হলে স্তরভিত্তিক মাছের পোনা মজুদ করুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (২৩ জুন ২০২১, সকাল ০৬টা পর্যন্ত) এবং ২২ জুন ২০২১ এ সর্বোচ্চ তাপমাত্রা, ২৩ জুন ২০২১ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ২৪ | ২৯.৯ | ২৫.৬ | রাজশাহী | রাজশাহী | ০১ | ৩৪.৯ | ২৬.০ |
| | টাঙ্গাইল | ০১ | ২৯.৮ | ২৫.০ | | ঈশ্বরদী | ০০ | ৩৩.২ | ২৬.২ |
| | ফরিদপুর | ০৮ | ৩১.৩ | ২৬.০ | | বগুড়া | ০১ | ৩১.৫ | ২৬.৮ |
| | মাদারীপুর | ০০ | ৩১.৭ | ২৬.০ | | বদলগাছী | ০০ | ৩৩.০ | ২৬.৬ |
| | গোপালগঞ্জ | ১৭ | ৩১.০ | ২৫.৬ | | তাড়াশ | ০০ | ৩০.৫ | ২৬.৮ |
| | নিকলি | সামান্য | ২৮.৮ | ২৪.২ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০০ | ৩৪.১ | ২৭.৩ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | সামান্য | ৩১.১ | ২৬.৮ | | দিনাজপুর | ০৩ | ৩৩.৮ | ২৬.৬ |
| | নেত্রকোনা | ০১ | ৩০.৯ | ২৭.০ | | সৈয়দপুর | ০২ | ৩৪.৮ | ২৭.০ |
| | | | | | | তেঁতুলিয়া | ২১ | ৩৪.৬ | ২৫.৬ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩১.৭ | ২৬.৫ | | ডিমলা | ০০ | ৩৫.০ | ২৬.৯ |
| | সন্দ্বীপ | ০০ | ৩১.২ | ২৬.০ | | রাজারহাট | ০০ | ৩৩.৫ | ২৭.০ |
| | সীতাকুন্ড | ৩৩ | ৩১.৭ | ২৫.০ | | | | | |
| | রাঙ্গামাটি | ০০ | ৩২.৪ | ২৫.৩ | খুলনা | খুলনা | ০৩ | ৩২.৫ | ২৬.২ |
| | কুমিল্লা | সামান্য | ৩০.৮ | ২৫.৮ | | মংলা | ০১ | ৩২.৮ | ২৬.০ |
| | চাঁদপুর | ৩৫ | ৩১.০ | ২৬.৮ | | সাতক্ষীরা | ০০ | ৩২.৪ | ২৬.৬ |
| | মাইজদীকোর্ট | ০১ | ২৯.৮ | ২৬.৫ | | যশোর | ০৪ | ৩৪.৪ | ২৫.৪ |
| | ফেনী | ০৩ | ৩০.৫ | ২৫.০ | | চুয়াডাঙ্গা | ২৬ | ৩৩.৩ | ২৫.৬ |
| | হাতিয়া | ১৪ | ৩০.২ | ২৪.৪ | | কুমারখালী | ০০ | ৩২.৫ | ২৫.৮ |
| | কক্সবাজার | ০৩ | ৩১.৮ | ২৫.৪ | | | | | |
| | কুতুবদিয়া | ০০ | ৩২.১ | ২৬.৫ | বরিশাল | বরিশাল | ০২ | ৩০.৬ | ২৫.৫ |
| | টেকনাফ | ১১ | ৩৩.০ | ২৫.৮ | | পটুয়াখালী | সামান্য | ৩১.৫ | ২৫.৬ |
| | | | | | | খেপুপাড়া | ০৮ | ৩১.০ | ২৫.৬ |
| সিলেট | সিলেট | ০০ | ৩৩.১ | ২৬.৭ | | ভোলা | ০৩ | ৩০.৩ | ২৬.১ |
| | শ্রীমঙ্গল | ০১ | ৩২.০ | ২৫.০ | | | | | |

**প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:**


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৪.০০ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৫০ মিঃ মিঃ ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ


**পূর্বাভাসঃ** রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।


**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।


## সপ্তাহের শেষে (২২ জুন ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন



Accumulated Rainfall (mm)
(16/06/2021 - 22/06/2021)
No Rain/Trace 1 90 180 361
(mm)



Anomaly Rainfall (mm)
(16/06/2021 - 22/06/2021)
Deficient (-60% to -99%)
Normal (-19% to 19%)%)
Excess (20% to 59%)
Large Excess (60% or more)



Maximum Temperature (°C)
(16/06/2021 - 22/06/2021)
28 30 32 34
(°C)



Anomaly MaximumTemperature (°C)
(16/06/2021 - 22/06/2021)
-4 -2 0 2
(°C)



Minimum Temperature (°C)
(16/06/2021 - 22/06/2021)
23 24 25 26
(°C)



Anomaly Minimum Temperature (°C)
(16/06/2021 - 22/06/2021)
-2 0 2
(°C)



Diurnal Temperature (°C)
(16/06/2021 - 22/06/2021)
3 5 7
(°C)


Anomaly Diurnal Temperature (°C)
(16/06/2021 - 22/06/2021)
-3 -2 -1 0 1
(°C)


Maximum Humidity (%)
(16/06/2021 - 22/06/2021)
87 90 93 96 100
(%)


Minimum Humidity (%)
(16/06/2021 - 22/06/2021)
64 69 75 80 87
(%)


Cloud Amount (Octa)
(16/06/2021 - 22/06/2021)
5 6 7 8
(Octa)


Wind Speed (knots)
(16/06/2021 - 22/06/2021)
0 2 6
(knots)

# আবহাওয়া পূর্বাভাস


## আবহাওয়া পূর্বাভাস ২২/০৬/২০২১ হতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্তঃ


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৩.০০ থেকে ৪.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


এ সপ্তাহের বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মিঃ মিঃ থেকে ৪.০০ মিঃ মিঃ থাকতে পারে।


- এ সময়ের প্রথমার্ধে রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল, ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক স্থানে অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ হাল্কা (০৪-১০ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি (১১-২৩ মি. মি./প্রতিদিন) ধরনের বৃষ্টি/বজ্রবৃষ্টির সম্ভবনা রয়েছে। সেইসাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) থেকে ভারী (৪৪-৮৮ মি. মি./প্রতিদিন) বৃষ্টি/বজ্রবৃষ্টির সম্ভবনা রয়েছে ।
- এ সময়ের দ্বিতীয়ার্ধে বরিশাল, চট্টগ্রাম, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ স্থানে এবং খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগের অনেক স্থানে অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ মাধারি ধরনের মাঝারি ধরণের (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) বৃষ্টি/বজ্রবৃষ্টির সম্ভবনা রয়েছে। । সেইসাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) থেকে অতি ভারী (>৮৮ মি. মি./প্রতিদিন) বৃষ্টি/বজ্রবৃষ্টির সম্ভবনা রয়েছে।
- এ সময়ের সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা ১–৩ °C হ্রাস পেতে পারে।


আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (২৩ জুন হতে ২৭ জুন ২০২১ পর্যন্ত)









Minimum Temperature (°C)
(23/06/2021 - 27/06/2021)
(°C)
24 25 26 27


Maximum Humidity (%)
(23/06/2021 - 27/06/2021)
(%)
77 81 85 89 94



Minimum Humidity (%)
(23/06/2021 - 27/06/2021)
(%)
63 69 75 80 86


Diurnal Temperature (°C)
(23/06/2021 - 27/06/2021)
(°C)
3 5 7 9



Wind Speed (knots)
(23/06/2021 - 27/06/2021)
1 3 5 7
(knots)

# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্যঃ**


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week No. 23 (04 June-10 June)over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 23 (04 June-10 June) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 23 (04 June-10 June) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 23 (04 June-10 June) over Agricultural regions of Bangladesh

